মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং- ৩১৪/ক/স্বী:/২০০৩/৯৪২৯

তারিখ: ০৮/০৫/২০২৫

বিষয়:ঢাকা মহানগরীর যত্রাবাড়ি থানাধীন সামসুল হক খান স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ এর বিরুদ্ধে অনিয়ম ও দুর্নীতির অভিযোগ প্রসঙ্গে।

সূত্র: ১। আলহাজ্ব সালাউদ্দিন আহমেদ ২৪/১১/২০২৪ তারিখের আবেদন।

২। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,ঢাকা এর স্বারক নং ৩১৪/ক/স্বী:/২০০৩/২৩৮৪ তারিখ ১৫/১২/২০২৪ তদন্ত প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে , ঢাকা মহানগরীর ডেমরা থানাধীন "সামসুল হক খান স্কুল এন্ড কলেজ'এর অধ্যক্ষের অনিয়ম ও দুর্নীতি তদন্ত কমিটির মন্তব্য ও সুপারিশ প্রেক্ষিতে, প্রতিষ্ঠানটি নিজস্ব অর্থায়নে ক্রয়কৃত ১১৭.৫৫ শতাংশ জমিতে নিজস্ব স্থাপনায় শিক্ষা কার্যক্রম পরিচালনা করে আসছে। প্রতিষ্ঠানের ৩৫০ জন শিক্ষকের মধ্যে ৬০ জন এমপিওভুক্ত এবং বাকী ২৯০ জনের বেতন প্রতিষ্ঠানের তহবিল থেকে বহন করা হয়। নির্মান কাজে জড়িত ঠিকাদার জনাব মোঃ শাহআলম এর সাথে অধ্যক্ষের অবৈধ লেনদেনের কোন সুস্পষ্ট প্রমান পাওয়া যায়নি।

শর্তসমুহ:

১) অধ্যক্ষসহ প্রতিষ্ঠানের সকল শিক্ষক,কর্মকর্তা ও কর্মচারীগন অভিভাবকদের সাথে সৌহার্দপূর্ন আচারণ করতে হবে।কোন ভাবেই অভিভাবকদের সাথে অসৌজন্যমুলম আচারন করা যাবে না এবং যথাযথ সম্মান ও মর্যাদা প্রদর্শন করতে হবে।

২) শিক্ষা মন্ত্রনালয় ও শিক্ষা বোর্ড কর্তৃক প্রণিত ভর্তি নীতিমালা যথাযথ ভাবে অনুসরণ করতে হবে। কোন ভাবেই অতিরিক্ত ফি, সেশন চার্জ ও অনৈতিকভাবে ছাত্র-ছত্রছাত্রিদের বেতন বৃদ্ধি করা যাবে না।

৩) নির্ধারিত সময়ের মধ্যেই অডিট সম্পন্ন করে রিপোর্ট বোর্ডে দাখিল করতে হবে।

৪) শিক্ষক নিয়োগের ক্ষেত্রে নিয়োগ বিধিমালা যথাযথ ভাবে অনুসরন করতে হবে।

৫) এডহক কমিটির নিয়োগ দেয়ার ক্ষমতা নেই বিধায় সঠিক প্রক্রিয়ায় গভণিং বডি গঠনের পর নিয়োগ কাজ সম্পন্ন করতে হবে।

৬) ব্যাংকের মাধ্যমে প্রতিষ্ঠানের সকল প্রকার লেনদেন সম্পন্ন করতে হবে। ম্যনুয়াল রশিদ গ্রহণ করা হবে না।

৭) এডহক কমিটি কর্তৃক নিয়োগকৃত ১০ জন শিক্ষকের বেতন-ভাতা প্রতিষ্ঠানের তহবিল হতে বহণ করতে হবে মর্মে কমিটির রেজুলেশনে উল্লেখসহ নিয়োগপত্রে শর্ত দেয়া আছে। এতে সরকারের কোন আর্থিক কোন ক্ষতি হবেনা।

৮) নিয়োগকৃত ১০ জন শিক্ষক সরকারের নিকট ভবিষ্যতে এমপিও আবেদন করবেনা মর্মে ৩০০ টাকার ননজুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকার নামা দাখিল করতে হবে।

৯) কোচিং বাণিজ্য বন্ধ নীতিমালা ২০১২ অনুসরন করতে হবে।

চেয়ারম্যানের আদেশক্রমে

৪/৫/২৫

প্রফেসর মোঃ রিজাউল হক
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন : ৫৮৬১২৪৭৬
ইমেইল: ic@dhakaeducationboard.gov.bd

অধ্যক্ষ / সভাপতি
সমসুল হক খান স্কুল এন্ড কলেজ
ডেমরা, ঢাকা মহানগরী।

CamScanner